"পড় তোমার প্রভুর নামে, যিনি তোমাকে সৃষ্টি করেছেন"
–আল কোরআন

Prospectus

2025

Striving for Quality
and
Morality

- বিজ্ঞান
- মানবিক
- ব্যবসায় শিক্ষা

- বাংলা মিডিয়াম
- ইংলিশ ভার্সন

অ্যাসেড স্কুল
ACED SCHOOL

চেয়ারম্যানের কথা

জাতীয় উন্নয়নের পূর্বশর্ত হল শিক্ষা। শিক্ষার সার্বিক উন্নয়ন ব্যতীত জাতীয় উন্নয়ন সম্ভব নয়। দেশ ও জাতি গঠনে চাই আলোকিত মানুষ। প্রকৃত জ্ঞানী ব্যক্তিরাই সমাজ তথা রাষ্ট্রের উন্নয়ন করে আপামর মানব সমাজের মঙ্গল করতে পারে। যথার্থ শিক্ষা প্রদান করা হলে প্রতিটি শিশু হয়ে উঠবে আগামী দিনের যোগ্য নাগরিক। এ লক্ষ্যকে সামনে রেখে ২০০২ শিক্ষাবর্ষে অ্যাসেড স্কুলের কার্যক্রম শুরু হয়েছে। শিক্ষার উন্নয়ন একটি ধারাবাহিক প্রক্রিয়া। এ ধারাবাহিক উন্নয়নের মাধ্যমে প্রতিষ্ঠার পর থেকে অ্যাসেড স্কুল নিরলসভাবে কাজ করে যাচ্ছে।

অ্যাসেড স্কুলের কার্যক্রমে নিয়োজিত আছেন একদল দক্ষ, উদ্যমী ও পরিশ্রমী শিক্ষক। যাদের মেধায়, মননে সকল কাজের মূলে সব সময় থাকে তাদের শিক্ষার্থীদের উন্নয়ন ভাবনা। তাদের আন্তরিক প্রচেষ্টায় এরই মধ্যে অ্যাসেড স্কুলের শিক্ষার্থীরা বিভিন্ন ক্ষেত্রে সফলতা অর্জন করছে, ভবিষ্যতেও এই সাফল্য অব্যাহত থাকবে ইন্‌শাআল্লাহ্।

মোঃ নূরুজ্জামান তালুকদার
প্রতিষ্ঠাতা অধ্যক্ষ ও চেয়ারম্যান
অ্যাসেড স্কুল

অধ্যক্ষের বাণী

জাতির উন্নতির মাপকাঠি হল শিক্ষা। যে জাতি শিক্ষায় যত উন্নত সে জাতি তত সভ্য। সেই প্রাচীন কাল থেকে যুগে যুগে মনীষীগণ শিক্ষার উপর অপরিসীম গুরুত্ব দিয়ে আসছেন। শিক্ষা অর্জন করতে হয় আর সে জন্য চাই একটি অনন্য সাধারণ শিক্ষা প্রতিষ্ঠান। এই উদ্দেশ্যকে সামনে রেখে প্রতিষ্ঠিত হয় অ্যাসেড স্কুল।

অ্যাসেড স্কুলের মূল লক্ষ্য হলো শিক্ষার সাথে সাথে অন্যান্য মানবিক গুণাবলীসহ তৈরি হবে প্রকৃত মানুষ। যে হবে আলোর দিশারী। অন্ধকারকে দূরীভূত করে জ্ঞানের মশালকে প্রজ্জ্বলিত করবে। অ্যাসেড স্কুলের শিক্ষার্থীরা জ্ঞানের আলোকবর্তিকা জ্বালিয়ে সমাজ থেকে দূর করবে অজ্ঞতা, নিরক্ষরতা ও কুসংস্কার এই প্রত্যাশাই আমি করছি।

মোঃ আজাদুল হক
অধ্যক্ষ
অ্যাসেড স্কুল

Vision & Mission

Our vision is to become the premier educational institute as an architect of creating leaders.

যুগোপযোগী নেতৃত্ব গঠনে অগ্রণী এক অনন্য শিক্ষাপ্রতিষ্ঠান।

Our mission is to bring about commitment among the students to attain the highest academic and moral standard. We endeavor to provide a gateway to our students to develop themselves to keep pace with the ever changing world.

শিক্ষার্থীদের সর্বোচ্চ প্রাতিষ্ঠানিক শিক্ষা ও নৈতিক মূল্যবোধ জাগ্রত করে পরিবর্তনশীল বিশ্বের যোগ্য করে তোলা।

বৈশিষ্ট্য

- সুপরিসর ভবন, সুসজ্জিত ও খোলামেলা শ্রেণিকক্ষ।
- নিরিবিলি ও মনোরম পরিবেশ এবং সার্বক্ষণিক নিরাপত্তা ব্যবস্থা।
- জাতীয় পর্যায়ে প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষার জন্য গৃহীত শিক্ষানীতি ও পদ্ধতির ভিত্তিতে পাঠদান।
- প্রশিক্ষণপ্রাপ্ত, অভিজ্ঞ ও মানসম্পন্ন শিক্ষকদের মাধ্যমে পাঠদান ও সযত্ন তত্ত্বাবধান।
- শিক্ষক ও অভিভাবকদের সমন্বয়ে মত বিনিময় সভার ব্যবস্থা।
- একাডেমিক ক্যালেন্ডার অনুযায়ী মিডটার্ম ও টার্ম পরীক্ষা গ্রহণ।
- সমৃদ্ধ কম্পিউটার ল্যাব, সায়েন্স ল্যাব ও লাইব্রেরিসহ আধুনিক ও যুগোপযোগী শিক্ষা উপকরণ।
- শিক্ষক ও শিক্ষার্থীদের মধ্যে নিবিড় সম্পর্ক স্থাপনের মাধ্যমে আন্তরিক ও ভয়ভীতি মুক্ত পরিবেশে শিক্ষাদান।
- শিক্ষার্থীদের সুপ্ত ও সৃষ্টিশীল প্রতিভা বিকাশের লক্ষ্যে সহপাঠ্যক্রমিক কার্যক্রমে বিশেষ গুরুত্ব প্রদান ও সযত্ন তত্ত্বাবধান।
- উন্নত জেনারেটরের মাধ্যমে সার্বক্ষণিক বিদ্যুৎ ব্যবস্থা।
- সুন্দর হস্তলিখন, ছবি আঁকা ও সঙ্গীতের বিশেষ ক্লাস।
- সিটি টিভি দ্বারা ক্লাস মনিটরিং।
- সীমিত আসন।

সহপাঠ্যক্রমিক কার্যক্রম

Survival of the fittest- যোগ্যরাই টিকে থাকে। কথাটি ধ্রুব সত্য। যোগ্যতাই শেষ পর্যন্ত এনে দেয় সফলতা। তুমুল প্রতিযোগিতার এই যুগে একটি বিষয় নিয়ে পড়ে থাকলে চলে না। সমাবেশ ঘটাতে হয় একের ভিতর বহুগুণের। তাই শুধু পাঠ্যপুস্তকের মধ্যে সীমাবদ্ধ থাকাই যথেষ্ট নয়। এই বিষয়টি মাথায় রেখে পাঠ্যপুস্তকের পাশাপাশি আমরা চালু রেখেছি বিভিন্ন সহপাঠ্যক্রমিক কার্যক্রম। যেমন : ১. লেখক ফোরাম ২. ডিবেট ক্লাব ৩. ল্যাঙ্গুয়েজ ক্লাব ৪. চারু ও কারুকলা বিভাগ ৫. সঙ্গীত ও নাট্যকলা বিভাগ ৬. Surdents' Quality Circle (SQC) ৭. গার্ল গাইডস্ ৮. স্কাউটস্ ইত্যাদি।

উল্লেখিত বিভাগগুলোর দায়িত্বশীল শিক্ষক শিক্ষার্থীদের মননশীলতা বিকাশের লক্ষ্যে সারা বছর নিম্নলিখিত কার্যক্রম পরিচালনা করে থাকেন।

- বার্ষিক সাংস্কৃতিক সপ্তাহ
- বিজ্ঞান মেলা
- বিতর্ক প্রতিযোগিতা
- দেয়ালিকা প্রকাশ
- শিক্ষা সফর
- SQC Presentation
- জাতীয় দিবস উদ্‌যাপন ইত্যাদি।

আধুনিক কম্পিউটার ল্যাব, বিজ্ঞানাগার ও পাঠাগার

তথ্য প্রযুক্তি (IT) নির্ভর বর্তমান বিশ্বের সাথে তাল মিলিয়ে চলার উপযোগী দক্ষ ও যোগ্য মানবসম্পদ তৈরিতে নিরলস প্রচেষ্টার অংশ হিসেবে অ্যাসেড স্কুলে রয়েছে আধুনিক কম্পিউটার ল্যাব। কম্পিউটার ল্যাবের সার্বিক সুবিধা প্রদান করে নার্সারি ও কেজি ক্লাসে কম্পিউটারে বিভিন্ন ধরনের প্রোগ্রাম প্রদর্শনের মাধ্যমে আনন্দময় পরিবেশে শিক্ষাদান করা হয়। প্রথম শ্রেণি থেকে কম্পিউটার বিষয়ে শিক্ষাদানের মাধ্যমে শিক্ষার্থীদেরকে কম্পিউটার বিষয়ে ক্ষুদে প্রোগ্রামার হিসেবে গড়ে তোলা হয়। নবম-দশম শ্রেণির বিজ্ঞান বিষয়ক সকল ব্যবহারিক ক্লাসের জন্য পর্যাপ্ত উপকরণ রয়েছে বিজ্ঞানাগারে। এছাড়াও সৃজনশীল শিক্ষাপদ্ধতির সাথে শিক্ষার্থীদের সফল সম্পৃক্ততার প্রয়োজনে করা হয়েছে সমৃদ্ধ লাইব্রেরি।

Students' Quality Circle (SQC):

সৃজনশীল ছাত্র-ছাত্রীদের সমন্বয়ে গঠিত হয় SQC। উন্নত বিশ্বে এ প্রক্রিয়া অনেক আগে শুরু হলেও বাংলাদেশে তা একেবারেই নতুন। ছাত্র-ছাত্রীদের বাস্তব জীবনের বিভিন্ন সমস্যা চিহ্নিতকরণ ও সমাধানের লক্ষ্যে একাধিক সার্কেল ব্রেইনষ্টর্মিং করে অত্র প্রতিষ্ঠানের বিভিন্ন সমস্যা চিহ্নিত করে তার কারণ নির্ণয় ও সমাধানের উপায় খুঁজে বের করে থাকে। সার্কেলের অধীনে শিক্ষার্থীরা জাতীয় ও আন্তর্জাতিক কনভেনশনে অংশগ্রহণ করে কৃতিত্বের স্বাক্ষর রাখছে। ইতিমধ্যে এ প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীরা চারবার ভারতে এবং দুইবার নেপালে আন্তর্জাতিক সম্মেলনে অংশগ্রহণ করেছে।



অভিভাবক দিবস ও শিক্ষক-অভিভাবক মতবিনিময় সভা

শিক্ষার্থীদের জ্ঞান বিকাশের পথকে গতিশীল করার জন্য শিক্ষকের যেমন ভূমিকা আছে তেমনি অভিভাবকেরও রয়েছে গুরুত্বপূর্ণ ভূমিকা। শিক্ষক ও অভিভাবকের সমন্বিত উদ্যোগ ও যত্নে শিক্ষার্থীদের সার্বিক উন্নয়নের কার্যকরী পন্থা গ্রহণ করা হলে শিক্ষার্থী স্বল্প সময়ে ও সহজে অধিকতর যোগ্যতা অর্জন করতে পারে। এ বিষয়কে সামনে রেখে অভিভাবক দিবসের আয়োজন করা হয়। এ দিবসে শিক্ষার মানোন্নয়ন, ছাত্র-ছাত্রীদের সমস্যা নিয়ে অভিভাবকগণ নির্দ্বিধায় তাদের যে কোন সমালোচনা, পরামর্শ সরাসরি আমাদের কাছে উপস্থাপন করতে পারেন। আমরা শিক্ষকদের মাসিক সভায় এসব সমালোচনা ও পরামর্শ পর্যালোচনা করে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের মাধ্যমে আমাদের এ প্রতিষ্ঠানকে একটি শ্রেষ্ঠ প্রতিষ্ঠানে পরিণত করতে সর্বদা সচেষ্ট।

ধর্মীয় শিক্ষা

শিক্ষাগত যোগ্যতার পাশাপাশি শিক্ষার্থীর চারিত্রিক ও নৈতিক দৃঢ়তা আনয়নে ধর্মীয় শিক্ষার বিকল্প নেই। 'সুস্থ দেহে সুস্থ মন' সৃষ্টির জন্যে নৈতিক মূল্যবোধ জাগ্রত করতে শিক্ষার্থীদের স্ব-স্ব ধর্মের জ্ঞানদানের ব্যবস্থা রয়েছে।

একাডেমিক বর্ষপঞ্জী

প্রতি শিক্ষাবর্ষে সরকার নির্ধারিত ছুটিসহ বিদ্যালয়ের অনুষ্ঠান, পরীক্ষা ও ক্লাসের সময়সূচি সম্বলিত একাডেমিক বর্ষপঞ্জী প্রকাশ করা হয়। শিক্ষাবর্ষকে বিভিন্ন পর্বে ভাগ করে বছরের প্রারম্ভে একাডেমিক বর্ষপঞ্জী ছাত্র-ছাত্রীদের প্রদান করা হয়।

স্টুডেন্ট প্রোফাইল

প্রত্যেক শিক্ষার্থীর ব্যক্তিগত তথ্য, সকল পরীক্ষার ফলাফল বিবরণী, পারিবারিক ও একাডেমিক সকল তথ্যাবলী সফ্‌টওয়্যারের মাধ্যমে সংরক্ষণ করা হয়।

শিক্ষার্থীদের পোশাক

প্লে - তৃতীয়

চতুর্থ - দশম

প্লে - দশম

প্লে - দশম

ছাত্র (সকল শ্রেণি)

আকাশী রংয়ের হাফশার্ট (শীতকালে ফুলশার্ট: ১লা নভেম্বর থেকে ২৮ ফেব্রুয়ারি), নেভি ব্লু প্যান্ট (টুইল কাপড়), কালো জুতা, সাদা মোজা, স্কুল কর্তৃক নির্ধারিত টাই, নেভি ব্লু 'ভি' গলা সোয়েটার (শীতকালের জন্য)।

ছাত্রী (প্লে হতে তৃতীয় শ্রেণি)

আকাশী রঙয়ের হাফশার্ট, নেভি ব্লু স্কার্ট (টুইল কাপড়), স্কুল কর্তৃক নির্ধারিত টাই, কালো জুতা, সাদা মোজা, নেভি ব্লু 'ভি' গলা সোয়েটার (শীতকালের জন্য: ১লা নভেম্বর থেকে ২৮ ফেব্রুয়ারি)।

ছাত্রী (চতুর্থ হতে দশম শ্রেণি)

আকাশী রংয়ের হাফহাতা (কনুই পর্যন্ত) কামিজ শার্টের কলারের মতো কলার, নেভি ব্লু সালোয়ার ও ওড়না, আকাশী রংয়ের স্কার্ফ, কালো জুতা, সাদা মোজা, নেভি ব্লু 'ভি' গলা সোয়েটার (শীতকালের জন্য: ১লা নভেম্বর থেকে ২৮ ফেব্রুয়ারি)।

[টাই, অ্যাপোলেট (বাংলা মিডিয়াম-সবুজ, ইংলিশ ভার্সন-লাল) এবং স্কুল মনোগ্রাম ক্যান্টিন থেকে ক্রয় করতে হবে।]

ভর্তি সংক্রান্ত তথ্যাবলি

ভর্তির বয়স সীমা		
শিক্ষা স্তর	শ্রেণি	বয়স
প্রাক-প্রাথমিক	প্লে	৩ বছর +
	নার্সারি	৪ বছর +
	কেজি	৫ বছর +
প্রাথমিক	প্রথম	৬ বছর +
	দ্বিতীয়	৭ বছর +
	তৃতীয়	৮ বছর +
	চতুর্থ	৯ বছর +
	পঞ্চম	১০ বছর +
মাধ্যমিক	ষষ্ঠ	১১ বছর +
	সপ্তম	১২ বছর +
	অষ্টম	১৩ বছর +
	নবম	১৪ বছর +

ভর্তির নিয়মাবলী:

১. ২০০ (দুইশত) টাকা প্রদান করে অফিস হতে নির্ধারিত আবেদনপত্র সংগ্রহ করতে হবে এবং তা যথাযথভাবে পূরণ করে ২ (দুই) কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবিসহ জমা দিতে হবে।

২. প্রার্থীর জন্ম নিবন্ধন সার্টিফিকেট আবেদনপত্রের সাথে জমা করতে হবে।

৩. স্পট টেস্টের ভিত্তিতে 'আগে আসলে আগে' ভর্তির মাধ্যমে আসন পূরণ করা হবে।

৪. ভর্তির জন্য প্রার্থীর পূর্ববর্তী প্রতিষ্ঠানের ছাড়পত্র ও পাঠোন্নতির প্রতিবেদন দাখিল করতে হবে।

প্রত্যয়নপত্র/প্রশংসাপত্র

কোন ছাত্র-ছাত্রীর বিশেষ কারণে বিদ্যালয় হতে প্রত্যয়নপত্র/প্রশংসাপত্র নেয়ার প্রয়োজন হলে ৩০০ (তিনশত) টাকা ফি প্রদান করতে হবে।

ভর্তি বাতিল ও ছাড়পত্র

কোন অভিভাবক বিশেষ প্রয়োজনে শিক্ষার্থীর ভর্তি বাতিল করে ছাড়পত্র নিতে চাইলে প্রতিষ্ঠানের সমুদয় পাওনা পরিশোধ করে ছাড়পত্র নিতে পারবেন। এক্ষেত্রে শিক্ষার্থীর পরিচয়পত্র ফেরত দিতে হবে এবং ছাড়পত্র ফি বাবদ ৩০০ (তিনশত) টাকা প্রদান করতে হবে।

পরিচয়পত্র

স্কুল কর্তৃক প্রদত্ত পরিচয়পত্র প্রত্যেক ছাত্র-ছাত্রীকে অবশ্যই সঙ্গে রাখতে হবে। পরিচয়পত্র হারিয়ে গেলে ১০০ (একশত) টাকা (প্রথমবারের জন্য) এবং পরবর্তীতে ২০০ (দুইশত) টাকা স্কুল অফিসে জমা দিয়ে পুনরায় ৭ (সাত) দিনের মধ্যে পরিচয়পত্র সংগ্রহ করতে হবে।

পরীক্ষা পদ্ধতি

১. প্রত্যেক শিক্ষাবর্ষে তিনটি টার্ম পরীক্ষা অনুষ্ঠিত হবে।

২. প্রতিটি টার্ম পরীক্ষার আগে একটি মিড টার্ম পরীক্ষা অনুষ্ঠিত হবে।

৩. টার্ম পরীক্ষার ৭৫% এবং মিড টার্ম পরীক্ষার ২৫% নম্বর নিয়ে প্রতি টার্ম পরীক্ষার চূড়ান্ত ফলাফল তৈরি করা হবে।

৪. প্রতিটি পরীক্ষার পাস নম্বর নার্সারি থেকে পঞ্চম শ্রেণি পর্যন্ত ৫০% এবং ষষ্ঠ থেকে দশম শ্রেণি পর্যন্ত ৪০%।

৫. যদি কোন শিক্ষার্থী নির্ধারিত সময়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে ব্যর্থ হয় তবে পরবর্তীতে উক্ত পরীক্ষা কোন অবস্থাতেই গ্রহণ করা হবে না।

বেতন ও ফি সমূহ

বাংলা মিডিয়াম

শ্রেণি	ভর্তি ফি (শুধু নতুন ভর্তির ক্ষেত্রে প্রযোজ্য)	সেশন চার্জ	মাসিক বেতন
প্লে হতে দ্বিতীয়	৩০০০/-	৫৫০০/-	১২০০/-
তৃতীয় হতে পঞ্চম	৩০০০/-	৫৫০০/-	১৪০০/-
ষষ্ঠ হতে সপ্তম	৩০০০/-	৬৫০০/-	১৫০০/-
অষ্টম হতে দশম	৩০০০/-	৭৫০০/-	১৬০০/-

ইংলিশ ভার্সন

শ্রেণি	ভর্তি ফি (শুধু নতুন ভর্তির ক্ষেত্রে প্রযোজ্য)	সেশন চার্জ	মাসিক বেতন
প্লে হতে দ্বিতীয়	৪০০০/-	৬৫০০/-	১৭০০/-
তৃতীয় হতে পঞ্চম	৪০০০/-	৬৫০০/-	১৮০০/-
ষষ্ঠ হতে অষ্টম	৪০০০/-	৬৫০০/-	১৯০০/-
নবম হতে দশম	৪০০০/-	৭৫০০/-	২০০০/-

শাহীবাগ শাখা

শ্রেণি	ভর্তি ফি (শুধু নতুন ভর্তির ক্ষেত্রে প্রযোজ্য)	সেশন চার্জ	মাসিক বেতন
নার্সারি হতে দ্বিতীয়	৩০০০/-	৪৫০০/-	১০০০/-
তৃতীয় হতে পঞ্চম	৩০০০/-	৪৫০০/-	১১০০/-
ষষ্ঠ হতে সপ্তম	৩০০০/-	৪৫০০/-	১২০০/-
অষ্টম হতে দশম	৩০০০/-	৪৫০০/-	১৩০০/-

ল্যাব চার্জ : (এককালীন) দশম শ্রেণির জন্য প্রযোজ্য।

- বিজ্ঞান শাখা ৬০০ টাকা। ● মানবিক শাখা ৩০০ টাকা ● ব্যবসায় শিক্ষা শাখা ৩০০ টাকা।

বেতন প্রদানের নিয়মসমূহ

১। বেতন চলতি মাসের ১ (এক) হতে ১০ (দশ) তারিখের মধ্যে প্রদান করতে হবে।

২। নির্দিষ্ট সময়ের মধ্যে বেতন প্রদানে ব্যর্থ হলে ৩১ তারিখ পর্যন্ত ১০ (দশ) টাকা এবং পরবর্তী প্রতি মাসের জন্য ২০ (বিশ) টাকা হারে বিলম্ব ফি প্রদান করতে হয়।

৩। পরপর ৩ (তিন) মাস বেতন প্রদান না করলে সংশ্লিষ্ট ছাত্র-ছাত্রীর ভর্তি বাতিল হয়ে যাবে এবং পুনঃভর্তি ফি দিয়ে ভর্তি করতে হবে।

শিক্ষা কার্যক্রম

উচ্চ শিক্ষিত, প্রশিক্ষণপ্রাপ্ত অভিজ্ঞ ও দক্ষ শিক্ষক-শিক্ষিকা অ্যাসেড স্কুল এর পাঠদানের দায়িত্বে নিয়োজিত আছেন। প্রত্যেক শ্রেণির দায়িত্ব একজন শিক্ষকের (শ্রেণি শিক্ষক) উপর অর্পিত। শিক্ষার্থী এবং অভিভাবক যে কোন সমস্যা সমাধানে ও অন্যান্য বিষয়ে অধ্যক্ষ ছাড়াও শ্রেণি শিক্ষকের সাথে যোগাযোগ করতে পারবেন।

নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ ব্যবস্থা

স্কুল চলাকালীন পুরো সময় নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করতে অ্যাসেড স্কুলে রয়েছে উচ্চ ক্ষমতাসম্পন্ন এবং উন্নতমানের জেনারেটর।

Facilities Available

- Online attendance SMS
- Online result
- Online tuition fee collection
- CCTV class monitoring
- Modern Library, Science Lab, ICT Lab, Conference Room

Step forward to Digital Era

- Multimedia Classrooms
- Powerpoint teaching
- All information available in school website

বিগত ৫ বছরের এসএসসি ফলাফল

সাল	A+	A
২০২০	৫০	৮৬
২০২১	৪৭	৯০
২০২২	১০৫	৮৭
২০২৩	৬৮	১১০
২০২৪	৪৯	৭৭

শিক্ষার্থীদের অবশ্য পালনীয় কতিপয় আচরণবিধি

অ্যাসেড স্কুল এর শিক্ষার্থীদের জন্য অবশ্য পালনীয় কতিপয় নিয়ম-কানুন নিম্নে উল্লেখ করা হলো। উক্ত নিয়ম-কানুন যথাযথভাবে পালন/প্রয়োগ করার ক্ষেত্রে সম্মানিত অভিভাবকবৃন্দের সহযোগিতা একান্ত কাম্য।

১। প্রত্যেক শিক্ষার্থীর নিয়মিত ক্লাসে উপস্থিতি বাধ্যতামুলক। প্রতি শিক্ষাবর্ষে অবশ্যই কমপক্ষে ৯০% উপস্থিত থাকতে হবে।

২। প্রত্যেক শিক্ষার্থীকে স্কুল শুরুর ১৫ মিনিট পূর্বে অবশ্যই স্কুলে আসতে হবে এবং যথারীতি সমাবেশ (পিটি ক্লাস) এ যোগদান করতে হবে।

৩। অনুপস্থিতির জন্য অভিভাবকের স্বাক্ষরযুক্ত দরখাস্ত পরবর্তী কার্যদিবসে দায়িত্বশীল/শ্রেণি শিক্ষকের কাছে জমা দিয়ে ছুটি অনুমোদন করে নিতে হবে। পরপর ৩ (তিন) দিন বা তার বেশি অনুপস্থিত থাকলে অভিভাবকসহ প্রিন্সিপালের সাথে দেখা করে ক্লাস করার অনুমতি নিতে হবে। অভিভাবক না আসলে কোন অবস্থাতেই ক্লাস করার অনুমতি দেওয়া হবে না।

৪। শিক্ষার্থীকে অবশ্যই স্কুল নির্ধারিত ইউনিফর্ম পরিধান করে স্কুলে আসতে হবে। কর্তৃপক্ষের চোখে দৃষ্টিকটু বেল্ট, চশমা, ঘড়ি, গয়না ইত্যাদি পরিধান করলে শিক্ষার্থীকে ক্লাস করা থেকে বিরত রাখা হবে।

৫। মোবাইল, সিডি, পেনড্রাইভ, পাঠ্য সংশ্লিষ্ট নয় এমন বই, ম্যাগাজিন ইত্যাদি সাথে নিয়ে স্কুলে আসা সম্পূর্ণ নিষিদ্ধ।

৬। কোন শিক্ষার্থী যেকোন পরীক্ষায় অংশগ্রহণ করতে না পারলে যথাযথ কারণের স্বপক্ষে প্রমাণাদি সংযুক্ত করে দরখাস্ত জমা করতে হবে। অন্যথায় ঐ শিক্ষার্থীর প্রমোশনের বিষয় বিবেচনা করা হবে না।

৭। কোন শিক্ষার্থী স্কুলে আসার পর অভিভাবকের সাথে সরাসরি যোগাযোগ ছাড়া কোন অবস্থাতেই শিক্ষার্থীকে স্কুল থেকে ছুটি প্রদান করা হবে না।

৮। স্কুল ইউনিফর্ম পরিধান করে স্কুলের বাইরে (স্কুল শুরুর আগে এবং ছুটির পর) কোন প্রকার অশোভন বা শৃঙ্খলা বিরোধী কোন কার্যে লিপ্ত হওয়া যাবে না।

৯। অভিভাবকগণ শিক্ষার্থীর যে কোন সমস্যা নিয়ে প্রয়োজনে প্রিন্সিপাল/শ্রেণি শিক্ষকের সাথে আলোচনা করার জন্য অফিসের মাধ্যমে যোগাযোগ করতে পারবেন।

১০। অসদাচরণ, প্রতিষ্ঠান ও দেশের আইন-শৃঙ্খলা বিরোধী কাজে কোন শিক্ষার্থী লিপ্ত হলে কর্তৃপক্ষ ২৪ ঘন্টার নোটিশে তাকে বিদ্যালয় থেকে বহিষ্কার করতে পারবে।

শৈশব কাল থেকে শৃঙ্খলা ও নিয়ম-কানুন মেনে চলার অভ্যাস গড়ে তোলার ক্ষেত্রে শিক্ষা প্রতিষ্ঠানের পাশাপাশি অভিভাবকদেরও সচেষ্ট থাকতে হবে। একটি শিশুর প্রথম শিক্ষালয় হচ্ছে তার পরিবার, কাজেই আমরা মনে করি শিশুকে আদর্শ ও নৈতিক গুণাবলী সম্পন্ন যোগ্য নাগরিক হিসেবে গড়ে তোলার ক্ষেত্রে পরিবারের শিক্ষা তথা অভিভাবকদের গুরুত্ব অনস্বীকার্য। আমাদের শিক্ষার্থীদেরকে আদর্শ ও নৈতিক গুণাবলীসম্পন্ন যোগ্য নাগরিক হিসেবে সমাজে সুপ্রষ্ঠিত করার ক্ষেত্রে শিক্ষার্থী ও শিক্ষকদের পাশাপাশি সম্মানিত অভিভাবকদের সহযোগিতা আন্তরিকভাবে কাম্য।

Secondary Campus

Primary Campus

English Version

Shahibag Campus

Assistance for Career and Education Development (ACED)

Bank Colony Bracnh:

- Primary Campus: B-6, Bank Colony, Savar, Dhaka # 01709-859975
- Secondary Campus: F-52/2, Bank Colony, Savar, Dhaka # 01797-707440
- English Version Campus: C-1/1, Bank Colony, Savar, Dhaka # 01772-533264

Shahibag Branch:

- Birulia Road, Shahibag, Savar, Dhaka # 01747-756319

Web & Email:

- acedschool2002@gmail.com
- www.acedschool.com